



# আপনি কি দত্তক নিতে চান?

## তবে দত্তক নেওয়ার নিয়মগুলি জেনে নিন।

### শিশু সন্তান দত্তক নেবার নিয়মাবলী

কোনো ব্যক্তি বা বিবাহিত দম্পতি যারা শিশু দত্তক গ্রহণ করতে ইচ্ছুক নিম্নলিখিত বিষয়গুলি সম্পর্কে ওয়াকিবহাল থাকবেন।

- 1) জন্ম থেকে 18 বছর বয়স পর্যন্ত যেকোন পরিত্যক্ত, অনাথ, প্রত্যর্পিত শিশু যাদের শিশু কল্যাণ সমিতি “দত্তকের জন্য আইনত বৈধ” হিসাবে শংসাপত্র দিয়েছেন, এমন সকল শিশুদের যেকোন নিঃসন্তান দম্পতি, একক পিতা/মাতা বা নিজের সন্তান আছে এরূপ দম্পতি দত্তক গ্রহণ করতে পারবেন। কোন একক পিতা কিন্তু সন্তান দত্তক নিতে পারবেন না।
- 2) দত্তক নিতে হলে ইচ্ছুক ব্যক্তি বা দম্পতিকে আবশ্যিকভাবে অনলাইনে নিবন্ধিকরণ করতে হবে। ওয়েবসাইট - [www.cara.nic.in](http://www.cara.nic.in)
- 3) অনলাইনে আবেদনের সময় প্যানকার্ড, ছবি, বিবাহের শংসাপত্র, বাসস্থানের শংসাপত্র, ডাক্তারের শংসাপত্র, বার্ষিক আয়ের শংসাপত্র, জন্ম তারিখের শংসাপত্র ইত্যাদি দম্পতি/ব্যক্তিকে আপলোড করতে হবে।
- 4) রাজ্যের বা দেশের যেকোন সরকার অনুমোদিত দত্তক প্রদানকারী সংস্থা থেকে বাসস্থান নির্বিশেষে দত্তক নেওয়া যায়। এ বিষয়ে বিশদ তথ্য পাওয়া যাবে: [www.cara.nic.in](http://www.cara.nic.in) / [www.wbcdwds.sw.gov.in](http://www.wbcdwds.sw.gov.in)
- 5) দত্তক গ্রহণ করার জন্য মোট খরচ ৫৪০০০ টাকা, এ সংক্রান্ত বিভিন্ন পর্যায়ের খরচগুলি নিম্নরূপ-
  - (ক) সংস্থা দ্বারা গৃহ সমীক্ষার রিপোর্ট তৈরী : ৬,০০০ টাকা
  - (খ) দত্তক প্রক্রিয়া সমাপ্ত হ্বার পর সংস্থাকে প্রদেয় অর্থ : ৪০,০০০ টাকা
  - (গ) দত্তক পরবর্তী সময়ে ২ বছরে ৪ বার গৃহ পরিদর্শনের জন্য সংস্থাকে প্রদেয় অর্থ : ৮,০০০ টাকা
- 6) দত্তক গ্রহণ নির্ভর করে সংস্থার দত্তকযোগ্য শিশুর উপস্থিতি এবং আইনি প্রক্রিয়ার উপর। এ বিষয়ে দত্তক নিতে ইচ্ছুক ব্যক্তিবর্গকে ধৈর্য রাখতে হবে এবং সংস্থার সাথে সহযোগিতা করতে হবে।
- 7) ০-৪ বছর পর্যন্ত শিশু দত্তক নিতে হলে পিতা ও মাতার বয়সের যোগফল হতে হবে সর্বোচ্চ ৯০ বৎসর। একক পিতা/মাতার ক্ষেত্রে সর্বোচ্চ ৪৫ বৎসর। ৪-৮ বছর পর্যন্ত শিশু দত্তক নিতে হলে পিতা ও মাতার বয়সের যোগফল হতে হবে সর্বোচ্চ ১০০ বৎসর এবং একক পিতা/মাতার ক্ষেত্রে ৫০-র বেশী নয়। ৮-১৮ বছর পর্যন্ত শিশু দত্তক নিতে হলে দম্পতির বয়সের যোগফল হতে হবে সর্বোচ্চ ১১০ বৎসর এবং একক পিতা/মাতার ক্ষেত্রে সর্বোচ্চ ৫৫ বৎসর।
- 8) কোন ব্যক্তি বা দম্পতি কোন সংস্থা থেকে যখন কোন শিশু দত্তক হিসাবে প্রতিপালনের জন্য গ্রহণ করবেন নিম্নলিখিত নথিপত্রগুলি সংস্থার কাছ থেকে সংগ্রহ করবেন-
  - (ক) শিশুর ডাক্তারি পরীক্ষার রিপোর্টের প্রতিলিপি (MER)
  - (খ) শিশুর সমীক্ষার রিপোর্টের প্রতিলিপি (CSR)
  - (গ) প্রতিপালন ঘন্টার (Foster Care) চুক্তির প্রতিলিপি
  - (ঘ) শিশু কল্যাণ কমিটি কর্তৃক প্রদত্ত ‘দত্তকের জন্য আইনত বৈধ’ শংসাপত্রের প্রতিলিপি
- 9) উল্লিখিত নিয়মাবলী ব্যতিরেকে অন্য যেকোন পদ্ধতিতে দত্তক গ্রহণ আইনত বৈধ বা স্বীকৃত নয়।
- 10) শারীরিক ও মানসিক ভাবে সম্পূর্ণ সুস্থ ব্যক্তি/দম্পতি কেবল দত্তক নিতে পারেন।